বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

০৮ নভেম্বর ২০২৬

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-৩৮ তারিখ: ----------

২৩ কার্তিক ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

পবিত্র রমজান মাস উপলক্ষ্যে নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্যের
আমদানি ঋণপত্র স্থাপন এবং নগদ মার্জিন সংরক্ষণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে ০৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-৪১ এবং ১১ নভেম্বর, ২০২৫ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-২৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. সূত্রোক্ত বিআরপিডি সার্কুলার লেটার নং-৪১/২০২৪ এর মাধ্যমে কতিপয় পণ্যের আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে ১০০% নগদ মার্জিন সংরক্ষণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও বিআরপিডি সার্কুলার লেটার নং-২৪/২০২৫ এর মাধ্যমে পবিত্র রমজান মাসের চাহিদার প্রেক্ষিতে কতিপয় নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্য আমদানির ক্ষেত্রে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে নগদ মার্জিনের হার ন্যূনতম পর্যায়ে রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয় যা ৩১ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত বলবৎ ছিলো।

৩. এক্ষণে, আগামী পবিত্র রমজান মাস উপলক্ষ্যে এ জাতীয় ভোগ্যপণ্যের চাহিদা বৃদ্ধির বিষয়টি বিবেচনায় উক্ত পণ্যসমূহের আমদানি সহজীকরণের মাধ্যমে মূল্য সহনীয় পর্যায়ে রাখাসহ প্রয়োজনীয় সরবরাহ নিশ্চিতকল্পে চাল, গম(আটা), পেঁয়াজ, ডাল, ভোজ্যতেল (সয়াবিন ও পাম অয়েল), চিনি, ছোলা, মটর, মসলা এবং খেজুর এর আমদানি ঋণপত্র স্থাপনের ক্ষেত্রে সংরক্ষিতব্য নগদ মার্জিনের হার ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে ন্যূনতম পর্যায়ে রাখার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৪. এতদ্ব্যতীত, অভ্যন্তরীণ বাজারে উল্লিখিত পণ্যসমূহের সরবরাহ নিশ্চিতকল্পে আমদানি ঋণপত্র স্থাপনে অগ্রাধিকার প্রদানের জন্য পরামর্শ প্রদান করা হলো।

৫. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৬. এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং ১৫ মার্চ ২০২৭ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)
পরিচালক (বিআরপিডি-১)
ফোন: ৯৫৩০২৫২